

106566 - ইহরামকারীর জন্য ছাতার ছায়া নেয়া কি জায়েয?

প্রশ্ন

ইহরামকারীর ছাতা ব্যবহার করার হুকুম কি?

প্রিয় উত্তর

“রোদের উত্তাপ থেকে বাঁচার জন্য মাথার উপর ছাতা বহন করতে কোন অসুবিধা নেই, গুনাহ নেই। এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক মাথা ঢাকার নিষেধাজ্ঞার মধ্যে পড়বে না। কেননা এটি মাথা ঢাকা নয়। বরঞ্চ সূর্য থেকে ও উত্তাপ থেকে ছায়া গ্রহণ। সহিহ মুসলিমে সাব্যস্ত হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে উসামা বিন যায়েদ (রাঃ) ও বিলাল (রাঃ) ছিলেন। তাদের দুইজনের একজন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উটের লাগাম ধরে রেখেছিলেন এবং অপরজন একটি কাপড় উঁচু করে ধরে তাঁকে উত্তাপ থেকে আড়াল দিচ্ছিলেন; যাতে করে তিনি জমরাতুল আকাবাতের কংকর মারতে পারেন। অপর এক বর্ণনায় রয়েছে যে: “অপরজন সূর্য থেকে রক্ষা করার জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাথার উপর কাপড় উঁচু করে ধরেছিলেন”। এই হাদিস প্রমাণ করে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইহরাম অবস্থায় হালাল হওয়ার পূর্বে এই কাপড় দিয়ে ছায়া গ্রহণ করেছেন।”[সমাপ্ত]

[মাজমুউ ফাতাওয়া ইবনে উছাইমীন (২২/১৪৭, ১৪৮)]